

আনন্দবাজার পত্রিকা

কলকাতা

২১ মে, ২০১৯, ০৫:২৬:৪০

শেষ আপডেট: ২১ মে, ২০১৯, ০৫:২৩:৫৩

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কলা বিভাগের ভর্তি কমিটি আজ, মঙ্গলবার বৈঠকে বসছে। শুধু ইংরেজি আর তুলনামূলক সাহিত্য নিয়ে সিদ্ধান্ত নয়, কলা বিভাগের অর্থনীতি-সহ যে-সব বিষয়ে শুধু স্কুলের সর্বশেষ পরীক্ষার নম্বরের ভিত্তিতে ভর্তি নেওয়া হয়, সেগুলির ক্ষেত্রে প্রবেশিকা চালু করা হবে কি না, তা নিয়েও বৈঠকে সিদ্ধান্ত হতে পারে বলে বিশ্ববিদ্যালয় সূত্রের খবর। উপাচার্য সুরঞ্জন দাসেরও ওই বৈঠকে উপস্থিত থাকার কথা।

প্রবেশিকার বিষয়ে গত বছর গঠিত তদন্ত কমিটির সুপারিশ ছিল, স্নাতক কলা বিভাগে প্রবেশিকা এবং স্কুল স্তরের সর্বশেষ পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে ভর্তি নেওয়া হোক। মেধা-তালিকা তৈরির ক্ষেত্রে ৫০ শতাংশ প্রবেশিকা থেকে নেওয়া হোক এবং বাকি ৫০% নেওয়া হোক স্কুল স্তরের সর্বশেষ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের থেকে। কলা বিভাগের ভর্তি কমিটি সিদ্ধান্ত নেয়, এ বারেও ভর্তি হবে গত বারের নিয়মে। সে-ক্ষেত্রে ইংরেজি ও তুলনামূলক সাহিত্যে ভর্তি হবে শুধু প্রবেশিকার নম্বরের ভিত্তিতে। যাদবপুরে কিছু বিষয়ে সরাসরি ভর্তি আর কিছু বিষয়ে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে ভর্তি নেওয়ার পদ্ধতি নিয়ে বারে বারেই প্রশ্ন তুলেছেন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। এই পরিস্থিতিতে কমিটির সিদ্ধান্ত কর্মসমিতিতে এলে সেই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে কলা বিভাগের ভর্তি কমিটির কাছে ফেরত পাঠিয়ে দেওয়া হয়েছিল। অর্থনীতি-সহ কলা বিভাগের যে-সব বিষয়ে শুধু স্কুলের সর্বশেষ পরীক্ষার নম্বরের ভিত্তিতে ভর্তি নেওয়া হয়, সেগুলিতেও প্রবেশিকা চালু করার ব্যাপারে আলোচনা শুরু হয়েছে। আজ কলা বিভাগের ভর্তি কমিটির বৈঠকে বিষয়গুলি পরিষ্কার হয়ে যাবে বলে বিশ্ববিদ্যালয় সূত্রের খবর।

স্নাতক স্তরে কলা বিভাগে ভর্তির নিয়মনীতি ঠিক করতে গিয়ে যে-জটিলতার সৃষ্টি হয়েছে, তার দ্রুত নিষ্পত্তির দাবি জানিয়েছে শিক্ষক সংগঠন 'আবুটা'-র যাদবপুর বিশ্ববিদ্যালয় শাখা। সোমবার তারা এ বিষয়ে স্মারকলিপি দেয় উপাচার্যকে। আবুটা-র পক্ষে গৌতম মাইতি বলেন, “ভর্তি নিয়ে যে-পরিস্থিতি তৈরি হয়েছে, তাতে আমরা উদ্বিগ্ন। দ্রুত বিষয়টির আইনানুগ নিষ্পত্তি চেয়ে স্মারকলিপি দেওয়া হয়েছে।”

TAGS : [Admission](#) [Jadavpur U](#)